দৈনিক বাংলা

৮।২।৮২

104



প্রেসিডেন্ট আবদুস সাত্তার শনিবার ভোলায় একতা খালের পুনর্খনন উদ্বোধন করেন

### একতা খাল পুনর্খনন অনুষ্ঠানে সাত্তার

# অন্যের উপর ভরসা না করে জমিতে অধিক ফসল ফলান

বোরহানউদ্দিন (বরিশাল), ৬ই ফেব্রুয়ারী (বাসস)।—প্রেসিডেন্ট আবদুস সাত্তার খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে শুষ্ক মওসুমে সেচ নেটওয়ার্ক গড়ে তোলার জন্য ব্যাপক খাল খনন ও পুনর্খনন প্রকল্প গ্রহণের আহ্বান জানান।

প্রেসিডেন্ট আজ বোরহানউদ্দিন থানার দক্ষিণ ভাতমারা ইউনিয়নে একতা খাল পুনর্খনন প্রকল্প উদ্বোধন করছিলেন।

রানীগঞ্জ বাজার থেকে বেতুয়া নদী পর্যন্ত ৬ মাইল লম্বা এ খাল পুনর্খনন প্রকল্প সমাপ্ত হলে প্রায় দু হাজার একর জমিতে সেচ ও পয়ঃপ্রণালীর সুবিধা হবে এবং বছরে প্রায় এক লাখ মন ফসল উৎপন্ন হবে। স্থানীয় জনগণের স্বেচ্ছাপ্রণোদিত অংশ গ্রহণের মাধ্যমে এ প্রকল্প বাস্তবায়িত হবে। প্রকল্প বাস্তবায়নে এক মাস সময় লাগবে।

পুনর্খননকাজে অংশ নিতে প্রকল্প এলাকায় সমবেত এক বিরাট জনতার উদ্দেশে ভাষণ দানকালে প্রেসিডেন্ট বলেন যে মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শুরু করা খাল খনন কর্মসূচী ইতিমধ্যেই খাদ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আমাদের কৃষি খাতে বাস্তব ফল দিতে শুরু করেছে।

তিনি বলেন, প্রকৃতির দান হিসেবে বাংলাদেশের উর্বর জমি রয়েছে। সাহায্যের জন্য অন্যের উপর ভরসা না করে উৎপাদন বৃদ্ধির জন্য আমাদের এ জমির সর্বাধিক ব্যবহার করতে হবে।

প্রেসিডেন্ট বলেন যে ভরাট খালগুলো খনন ও পুনর্খননের মাধ্যমে দেশে শুষ্ক মওসুমের ব্যাপক সেচ নেটওয়ার্ক গড়ে তুলতে পারলে আমরা সহজেই খাদ্য ঘাটতি পূরণ করতে বছরে দু থেকে তিন ফসল উৎপাদনে সক্ষম হব।

প্রেসিডেন্ট বলেন যে ক্ষেতে সর্বাধিক উৎপাদনের জন্য আমাদের অবশ্যই সর্বাত্মক প্রচেষ্টা নিয়োগ করতে হবে। আমরা যদি আমাদের উর্বর জমি সর্বাধিকভাবে ব্যবহার করতে পারি তাহলে আমরা শুধু আমাদের খাদ্যের প্রয়োজন মেটাতেই সক্ষম হব না, উন্নয়ন প্রকল্পে অর্থ যোগান দিতে উদ্বৃত্ত খাদ্য রফতানীও করতে পারব।

প্রেসিডেন্ট সাত্তার বলেন যে কৃষি উৎপাদন বৃদ্ধির অভীষ্ট লক্ষ্য অর্জনের সঙ্গে সঙ্গতি রেখে ক্রমবর্ধমান জনসংখ্যা অনুকূল সীমার মধ্যে রাখার জন্যও আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি জনগণের প্রতি পরিবার পরিকল্পনা গ্রহণের আহ্বান জানান। অন্যথায়, তিনি বলেন, বাড়তি জনসংখ্যা উন্নয়ন প্রচেষ্টা থেকে লব্ধ সুফলকে ব্যর্থতায় পর্যবসিত করবে।

গণসাক্ষরতা কর্মসূচী প্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন যে সমগ্র জনসংখ্যাকে একটি উৎপাদনী শক্তিতে পরিণত করতে আমাদের অবশ্যই জনগণকে ব্যবহারিক জ্ঞানদান করতে হবে। তিনি সমাজের শিক্ষিত অংশের প্রতি দেশ থেকে নিরক্ষরতা দূর করতে সরকারের প্রচেষ্টায় সাহায্যে এগিয়ে আসার আহ্বান জানান।

বিএনপির মহাসচিব অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীও সমাবেশে ভাষণ দেন।